যদি মুমিন জানত যে, আল্লাহর নিকট কী শাস্তি রয়েছে, তাহলে কেউ তার জান্নাতের আশা করত না। আর যদি কাফের জানত যে, আল্লাহর নিকট কী করুণা রয়েছে, তাহলে কেউ তার জান্নাত থেকে নিরাশ হত না।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত: “যদি মু’মিন জানত যে, আল্লাহর নিকট কী শাস্তি রয়েছে, তাহলে কেউ তার জান্নাতের আশা করত না। আর যদি কাফের
জানত যে, আল্লাহর নিকট কী রহমত রয়েছে, তাহলে কেউ তার জান্নাত থেকে নিরাশ হত না।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

যে মুমিনের জন্য জান্নাত ওয়াজিব হয়েছে সে যদি সত্যিকারভাবে জানে যে, আল্লাহর নিকট কাফির ও পথভ্রষ্টদের জন্য কী কঠিন শাস্তি ও মহা আযাব রয়েছে, তাহলে কখনো সে জান্নাতে প্রবেশের আকাঙ্ক্ষা করতো না। বরং তার আশা হবে কেবল জাহান্নাম থেকে দূরে থাকা; কারণ, তার শাস্তি ও আযাব এতো কঠিন, কোনো শরীর তার সামর্থ রাখে না। তার বিপরীতে যদি কাফের জানে যে, পরম দয়ালু ও মহিমান্বিত আল্লাহর নিকট কী করুণা ও রহমত রয়েছে, তাহলে সেও তার রহমত থেকে নিরাশ হতো না বরং আল্লাহর রহমতের ব্যাপকতা এবং তিনি যে মহা ক্ষমাশীল তা জেনে জান্নাতে প্রবেশের আশা করতো।

https://sunnah.global/hadeeth/bn/show/3908